

PRINT

সমকাল

ভাণ্ডারিয়ায় নতুন দাখিল পরীক্ষা কেন্দ্র নিয়ে অসন্তোষ

১১ ঘণ্টা আগে

ভাণ্ডারিয়া (পিরোজপুর) প্রতিনিধি

ভাণ্ডারিয়ায় বিপিএম দাখিল মাদ্রাসায় নতুন অনুমোদন পাওয়া দাখিল পরীক্ষা কেন্দ্র নিয়ে সংশ্লিষ্ট কয়েকটি মাদ্রাসা কর্তৃপক্ষ এবং শিক্ষার্থীদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে। জালিয়াতির অভিযোগ এনে নতুন এ কেন্দ্রটি বাতিলের জন্য ভাণ্ডারিয়া উপজেলার নয়টি মাদ্রাসার অধ্যক্ষ ও সুপার পিরোজপুর জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট দপ্তরগুলোতে লিখিত অভিযোগ দিয়েছেন।

তেলিখালী ইসলামিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার অধ্যক্ষ নূর উদ্দিন মো. বাশির খানসহ নয়টি মাদ্রাসার অধ্যক্ষ ও সুপাররা জানান, মাদ্রাসা শিক্ষা বোর্ডসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরে ভুয়া কাগজপত্র দাখিল ও অসত্য তথ্য দিয়ে জালিয়াতির মাধ্যমে এবং মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষকে ভুল বুঝিয়ে বিপিএম দাখিল মাদ্রাসার সুপার মো. আমির হোসেন গোপনে নতুন কেন্দ্রটির অনুমোদন করিয়েছেন। নতুন কেন্দ্রটির ১.৫ কিলোমিটারের মধ্যে আল গাজ্জালী ইসলামিয়া কামিল মাদ্রাসায় এবং ১০ কিলোমিটার অদূরে ভাণ্ডারিয়া শাহাবুদ্দিন ফাজিল মাদ্রাসায় আরও দুটি দাখিল পরীক্ষার কেন্দ্র থাকলেও তথ্য দেওয়ার সময় তারা উল্লেখ করেন, বিপিএম দাখিল মাদ্রাসার ২৫ কিলোমিটারের মধ্যে অন্য কোনো দাখিল পরীক্ষার কেন্দ্র নেই।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

